MAR 28 2001

# দৌলতপুরে এসএসসি পরীক্ষা কে
# জনতা-পুলিশ সংঘর্ষ : আহত ২০

দৌলতপুর (কুষ্টিয়া) প্রতিনিধি

ভাবশালী এক নেতার ইচ্ছায় এসএসসি
রীক্ষা কেন্দ্রের একটি কক্ষে অতিরিক্ত
ময় নিয়ে পরীক্ষার সুযোগ দেয়াকে কেন্দ্র
রে মঙ্গলবার দৌলতপুরে জনতা ও

পুলিশের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে। এ সময় উচ্ছৃঙ্খল পরীক্ষার্থী ও বহিরাগতরা ব্যাপক ইটপাটকেল নিক্ষেপসহ কয়েকটি উত্তরপত্র ছিঁড়ে ফেলেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ৬ রাউন্ড গুলি ছোড়ে। এ ঘটনায় পরীক্ষার্থীসহ ২০ ব্যক্তি আহত হয়েছে। মঙ্গলবার এসএসসি পরীক্ষা চলাকালে দৌলতপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের অধীন দৌলতপুর বালিকা বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্র জানায়, ওই

পরীক্ষা কেন্দ্রের ৩ নং কক্ষে প
নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়
বিশেষ ব্যবস্থায় প্রায় ২০ মিনি
পরীক্ষা নেয়া হয়। জানা গেছে, ওই
স্থানীয় এক প্রভাবশালী নেতার
পরীক্ষা দিচ্ছিল। এ ঘটনায় ক্ষিপ্ত হ
কক্ষের পরীক্ষার্থী ও বহিরাগতরা এ
ওই কক্ষে হামলা চালায় এবং ক
উত্তরপত্র ছিঁড়ে ফেলে। পুলিশ বাধা
তারা পুলিশকে লক্ষ্য করে বৃষ্টির
ইটপাটকেল ছুড়তে থাকে। প
নিয়ন্ত্রণে আনতে পুলিশ শর্টগানের
গুলি ছোড়ে। এ ঘটনায় অন্তত ২
আহত হয়েছে। এদের মধ্যে আ
(১৬) নামে এক পরীক্ষার্থী
এদিকে উপজেলার ৪টি পরীক্ষা
থেকে নকলের দায়ে ১৪৭ জনকে ব
করা হয়েছে।